



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpnmy@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

সিপিডি'র ৫২তম অধিবেশন

‘জনসংখ্যা ও উন্নয়ন’ খাতে অর্জিত সর্বোত্তম অনুশীলন ভাগ করে নিতে প্রস্তুত বাংলাদেশ - জাতিসংঘে প্রতিমন্ত্রী
ডা: মুরাদ হাসান এমপি

নিউইয়র্ক, ০১ এপ্রিল ২০১৯:

“জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের কর্ম-পরিকল্পনা (আইসিপিপি পিওএ)’ বাস্তবায়নের লক্ষ্যে ‘দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা (এসএসসি)’র প্ল্যাটফর্ম ব্যবহার করে ‘জনসংখ্যা ও উন্নয়ন’ খাতে অর্জিত সর্বোত্তম অনুশীলনগুলো দক্ষিণের দেশগুলোর সাথে ভাগ করে নিতে প্রস্তুত বাংলাদেশ। পাশাপাশি অন্যান্য অংশীদার ও জাতিসংঘের সহযোগী সংস্থাসমূহের সর্বোত্তম অনুশীলনগুলোও আমরা শিখতে আগ্রহী। এছাড়া দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার সর্বোচ্চ সুযোগ কাজে লাগিয়ে আমরা জনসংখ্যা ও উন্নয়ন সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করতে চাই’ -আজ জাতিসংঘ সদর দপ্তরে কমিশন অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (সিপিডি) এর ৫২তম অধিবেশনে ‘আইসিপিপি পিওএ এবং এজেডা-২০৩০ অর্জনে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা’ শীর্ষক সাইড ইভেন্টে প্যানেলিস্ট হিসেবে অংশ নিয়ে একথা বলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা: মুরাদ হাসান এমপি।

জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এবং টেকসই উন্নয়ন এজেডার লক্ষ্যসমূহ অর্জনে শেখ হাসিনা সরকারের অসামান্য অগ্রগতির কথা উল্লেখ করেন প্রতিমন্ত্রী। নবজাতক, পাঁচ বছরের কম বয়সী শিশু ও প্রসবকালীন মৃত্যুহার হ্রাস; গড়ায়ু বৃদ্ধি; জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার বৃদ্ধি; দারিদ্র্য হ্রাস; প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় ব্যাপক অগ্রগতি; লিঙ্গবৈষম্য দূর ইত্যাদি ক্ষেত্রে সরকারের ব্যাপক সাফল্যের কথা তুলে ধরেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রায় ১৪ হাজার কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠার মাধ্যমে শক্তিশালী প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে বাংলাদেশ।

‘দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা’র আওতাভুক্ত দেশগুলোতে ‘আইসিপিপি পিওএ’ এবং ‘এজেডা-২০৩০’ অর্জনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রতিমন্ত্রী কিছু সুনির্দিষ্ট প্রস্তাবনা তুলে ধরেন। এগুলো হল: ১) এসএসসি’কে শক্তিশালীকরণ এবং জনসংখ্যা ও উন্নয়ন এজেন্ডাসমূহ বাস্তবায়নে ‘সেন্টার অব এক্সিলেন্স’ গড়ে তুলতে আরও বেশি বিনিয়োগ করা। এক্ষেত্রে জাতিসংঘ জনসংখ্যা তহবিল ও অন্যান্য অংশীদারদের সহযোগিতার মাধ্যমে বাংলাদেশ প্রথম ‘সেন্টার অব এক্সিলেন্স’টি প্রতিষ্ঠা করতে আগ্রহী মর্মে জানান প্রতিমন্ত্রী। ২) এসএসসি ভুক্ত উন্নয়নশীল দেশসমূহের ফোকাল ব্যক্তিদের প্রশিক্ষণ ও সক্ষমতা বিনির্মাণের সুযোগ বৃদ্ধি। ৩) উদ্ভাবন, নতুন অংশীদারিত্ব, জ্ঞান-বিনিময় ও প্রমাণিত সর্বোত্তম অনুশীলনসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে এসএসসি ও ট্রায়ালস্কুলার কো-অপারেশনকে আরও এগিয়ে নিতে একটি কৌশলগত ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠা। ৪) জাতীয় নীতি ও বাজেট বাস্তবায়নে কার্যকর রাজনৈতিক প্রতিশ্রুতি নিশ্চিত করা।

প্রতিমন্ত্রী মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্ত্যচ্যুত রোহিঙ্গাদের মানবিক আশ্রয়দানের কথা এবং এরফলে সৃষ্ট স্বাস্থ্যসেবার চ্যালেঞ্জসহ বহুমাত্রিক চ্যালেঞ্জগুলোর কথা তুলে ধরেন। তিনি রোহিঙ্গা সমস্যার টেকসই সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়কে আশু ব্যবস্থা নিতে আহ্বান জানান।

এদিন বিকালে সিপিডি’র ৫২তম সেশনে কান্ট্রি স্টেটমেন্ট প্রদান করেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জি এম সালেহ উদ্দিন। কান্ট্রি স্টেটমেন্টে সচিব বলেন, “জাতীয় উন্নয়ন পরিকল্পনার কেন্দ্রবিন্দুতে যুব ও নারী উন্নয়নকে স্থাপন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে নিয়ে কাজ করে যাচ্ছেন”।

সিপিডি’র ৫২তম সেশনের মূল প্রতিপাদ্য ‘জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের কর্ম-পরিকল্পনার পর্যালোচনা, মূল্যায়ন ও উন্নয়ন এবং টেকসই উন্নয়ন এজেডা-২০৩০ এর ফলোআপ ও রিভিউ’র ক্ষেত্রে এই কর্ম-পরিকল্পনার অবদান’।

আজ সকালে ‘আইসিপিপি পিওএ’ -এর ২৫ বছর পূর্তিতে আয়োজিত সিপিডি’র ৫২তম অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন বাংলাদেশ প্রতিনিধি দল। উল্লেখ্য জাতিসংঘ সদর দপ্তরে কমিশন অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট এর ৫২তম সেশনে বাংলাদেশ ডেলিগেশনের প্রতিনিধিত্ব করছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা: মুরাদ হাসান এমপি। আজ শুরু হওয়া এই অধিবেশন আগামী ৫ এপ্রিল শেষ হবে।
